গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
কম্পিউটার সেল
এনএসসি টাওয়ার (১৮তলা), ৬২/৩ পুরানা পল্টন, ঢাকা।
www.nationalsavings.gov.bd

স্মারক নম্বর: ০৮.০৪.০০০০.০১৪.১৬.০০১.২২.১ তারিখ: ১ মাঘ ১৪২৯
১৫ জানুয়ারি ২০২৩

বিষয়: **‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ এর করণীয় বিষয়সমূহ বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: অভ্যন্তরীণ সম্পদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের সূত্রঃ ০৮.০০.০০.০০.০৪৬.৩৫.০০৪.২০.২৩ তারিখঃ ২৪-০৩-২০২২ খ্রিঃ।

**উপযুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো** যাচ্ছে **যে (অক্টোবর/২০২২-ডিসেম্বর/২০২২) পর্যন্ত**‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ এর কর্ম-পরিকল্পনা ভিত্তিক করণীয় বিষয়সমূহের বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ‘নির্ধারিত ছক’ অনুযায়ী প্রণয়ন করা হয়েছে। প্রণয়নকৃত ত্রৈমাসিক প্রতিবেদনটি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ১৩(তের) পাতা।

১৫-১-২০২৩
মোঃ শাহ আলম
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)
ফোন: ০২-৪১০৫০৫৩৮
ফ্যাক্স: ০২-৫৭১৬৪৩৫৫
ইমেইল: dg.nsd.bd@gmail.com

সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

‘জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা ২০১৮’ অনুসারে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নির্ধারিত করণীয় বিষয়সমূহের বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন (অক্টোবর/২০২২ হতে ডিসেম্বর/২০২২) পর্যন্ত।

**বিষয়-১: সকল দপ্তর/সংস্থার করণীয় বিষয়সমূহ**

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.১ | ১.১.১ | সকল সরকারি সেবা যে কোনো স্থান হতে সহজে, স্বচ্ছভাবে, কম খরচে, কম সময়ে ডিজিটাল ডিভাইসের মাধ্যমে প্রাপ্তি নিশ্চিতকরণ। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ সংস্থা | ১০০% | √ | √ | জাতীয় সঞ্চয় অধিদপ্তর দেশের প্রান্তিক পর্যায়ে সঞ্চয় সর্ম্পকিত সকল সেবা সহজে, স্বচ্ছভাবে, কম খরচে প্রাপ্তি নিশ্চিত করণের নিমিত্ত জাতীয় “সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম”,“সঞ্চয় অ্যাপস”, “বাংলাদেশ প্রাইজবন্ডের ড্র” এর ফলাফল অনুসন্ধানের সফটওয়্যার প্রবর্তন করেছে। এছাড়া বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ি প্রতি বছর নতুন নতুন উদ্ভাবনী উদ্যোগ গ্রহন ও বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ই-সার্ভিস রোড়ম্যাপ প্রস্তুত করা হয়েছে এবং চিহ্নিত সেবাসমূহ বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | “জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম” এবং সঞ্চয় অ্যাপস সিস্টেমগুলো বর্তমানে চলমান রয়েছে। সময়ের সাথে এবং বিভিন্ন চাহিদা অনুযায়ি সফটওয়্যারটির পরিবর্ধন এবং পরিমার্জনের কাজ চলমান রয়েছে। এর মাধ্যমে প্রান্তিক জনগন সহজেই সঞ্চয়পত্র ক্রয় এবং তথ্য প্রাপ্তি সহজতর হয়েছে । এছাড়াও এতে সঞ্চয় অধিদপ্তরের কর্তৃক কমিশন বাবদ অনেক অর্থ সাশ্রয় হচ্ছে। | ১০০% |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.১ | ১.১.২ | ডিজিটাল পদ্ধতিতে সকল সেবা গ্রহণে নাগরিকদের সক্ষমতা উন্নয়ন ও অবহিতকরণে ব্যবস্থা গ্রহণ। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ সংস্থা | ৬০% | ৮০% | ১০০% | নাগরিকদের সক্ষমতা উন্নয়ন ও অবহিতকরণের লক্ষ্যে জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর নিজস্ব ওয়েব সাইট, ফেইজবুক পেইজ , ইউটিউব চ্যানেল এবং মোবাইল ভিত্তিক সঞ্চয় অ্যাপস তৈরি করা হয়েছে । প্রচার কার্যক্রমের অংশ হিসাবে সময়ে সময়ে বিভিন্ন ভিডিও ডকুমেন্টরী নির্মাণ করা হয়।সঞ্চয় পত্রের সকল গ্রাহককে সঞ্চয়পত্রের উৎসে কর্তিত করের প্রত্যয়নপত্র স্বয়ংক্রিয়ভাবে অনলাইন সফটওয়্যারের মাধ্যমে গ্রাহকের ই-মেইল, হোয়াটসঅ্যাপ অথবা সুবিধাজনক অন্য যেকোন ডিজিটাল মাধ্যমে পাঠানোর জন্য সিস্টেম ডেভেলপমেন্ট কার্যক্রম প্রক্রিয়াধীন আছে। | সঞ্চয় অধিদপ্তরের ডিজিটাল কার্যক্রম প্রচার-প্রচারণার কারণে সাধারণ জনগণ দোড়গোড়ায় সেবা পাচ্ছেন এবং সঞ্চয় সম্পর্কিত সকল তথ্য উপাত্তের অবাধ প্রাপ্তির কারণে সহজেই সিদ্ধান্ত নিতে পারছেন। এছাড়া স্বয়ংক্রিয় সফ্টওয়্যারের মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয় এবং নির্দিষ্ট সময়ে মুল ও মুনাফা প্রদানের তথ্য খুদে বার্তার মাধ্যমে পাচ্ছেন। ফলে গ্রাহকের সময়, শ্রম ও অর্থ সবই লাঘব হচ্ছে। এছাড়া গ্রাহক সঞ্চয় অ্যাপসের মাধ্যমে হাতের নাগালে সঞ্চয়ের বিভিন্ন স্কিমের সম্পর্কে সহজেই ধারণা এবং জ্ঞান অর্জন করতে পারছেন। | ৮৫% |
| ১.১ | ১.১.৩ | সকল মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরের ডিজিটাল সার্ভিস প্রদানের ক্ষেত্রে সার্ভিস চিহ্নিতকরণ, ক্রয়ের ব্যবস্থাকরণ ও বাস্তবায়নের উদ্দেশ্যে প্রতিষ্ঠানের শীর্ষ পর্যায়ের স্থায়ী (যেমনChief Innovation Officer/ Innovation Officer/ ICT Focal Point)কর্মকর্তাকে দায়িত্ব প্রদান। | মন্ত্রিপরিষদ বিভাগ/ জনপ্রশাসন মন্ত্রণালয়/সকলমন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থা | ১০০% | √ | √ | অধিদপ্তরের বিদ্যমান সার্ভিসসমূহকে পর্যায়ক্রমে ডিজিটালাইজড করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভিন্ন সময়ে অংশীজনদের মতামত গ্রহন করে, তা বাস্তবায়ন করা হচ্ছে। | সঞ্চয় অধিদপ্তরের প্রদেয় সার্ভিসসমূহ ডিজিটালাইজড করার নিমিত্ত সেবাসমূহ চিহ্নিতকরণ এবং বাস্তবায়নের উদ্যোগ চলমান রয়েছে । এসংক্রান্ত কার্যক্রম বেগবান করার বিষয়ে চীফ ইনোভেশন কর্মকর্তার নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। | ১০০% |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.১ | ১.১.৮ | ডিজিটাল সরকার বাস্তবায়নের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/দপ্তর কর্তৃক ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ প্রণয়ন ও তথ্যপ্রযুক্তি ব্যবস্থার মাধ্যমে বাস্তবায়ন সমন্বয়করণ। | মন্ত্রিপরিষদ বিভাগ এবংসকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | ডিজিটাল সার্ভিস বাস্তবায়ন রোডম্যাপ প্রণয়ন করা হয়েছে। রোডম্যাপের আওতায় Office Automation সহ জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ১১(এগার)টি সঞ্চয় স্কিমের কার্যক্রম ডিজিটাল সার্ভিস হিসাবে চিহ্নিত করা হয়। | ডিজিটাল সার্ভিস রোডম্যাপের আওতায় Office Automation –এ ই-ফাইলিং ব্যবহার চলমান আছে। ১১(এগার)টি জাতীয় সঞ্চয় স্কিমের মধ্যে ৯(নয়)টি স্কিম ডিজিটাল সার্ভিস হিসাবে বাস্তবায়িত হয়েছে। বাকী ২(দুই) টি স্কিমকে অটোমেশন করার কার্যক্রম চলমান রয়েছে। | ৭৫% |
| ১.১ | ১.১.১০ | বড় সফটওয়্যার এবং আইটিইএস ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (PPA ও PPR) অনুসরণপূর্বক ক্রয়কারী কর্তৃপক্ষ প্রযোজ্য ক্ষেত্রে ডিজাইন ও সুপারভিশন (PMC)এবং বাস্তবায়ন- এ দুটি পৃথক চুক্তির মাধ্যমে সম্পাদন। | সকল ক্রয়কারী কর্তৃপক্ষ | ৮০% | ১০০% | √ | অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন SPFMS প্রোগ্রামের আওতায় Inhouse Based জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন সফটওয়্যার ডেভেলপমেন্ট কার্যক্রম চলমান রয়েছে। | ভবিষ্যতে জাতীয় সঞ্চয় অধিদপ্তর বড় সফটওয়্যার এবং আইটিইএস ক্রয়ের ক্ষেত্রে বিদ্যমান আইন ও বিধিমালা (PPA ও PPR) অনুসরণ করা হবে। | |
| ১.১ | ১.১.১১ | বড় সফটওয়্যার এবং আইটিইএস প্রকল্পের ক্ষেত্রে বিদ্যমান আইন অনুসরণপূর্বক প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষBOO/BOT/ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট পদ্ধতির মাধ্যমে বাস্তবায়ন। | সকল ক্রয়কারী কর্তৃপক্ষ | ৮০% | ১০০% | √ | প্রযোজ্য ক্ষেত্রে ভবিষ্যতে অনুসরণ করা হবে। | প্রযোজ্য ক্ষেত্রে ভবিষ্যতে অনুসরণ করা হবে। | |
| ১.১ | ১.১.১২ | BOO/BOT/ফ্যাসিলিটিজ ম্যানেজমেন্ট পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের জন্য রাজস্ব/ফি শেয়ারের জন্য নির্দেশিকা প্রস্তুতকরণ। | সকল ক্রয়কারী কর্তৃপক্ষ | ৮০% | ১০০% | √ | - | - | |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.১ | ১.১.১৩ | সর্বস্তরে ডিজিটালাইজেশনের প্রতিবন্ধকতাগুলো চিহ্নিতকরণ, দূরীকরণ ও অগ্রগতির পরিমাপযোগ্য নির্ণায়ক নির্ধারণ। | সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/ সংস্থা | ১০০% | √ | √ | অধিদপ্তরের ইন্টারনেট ব্যাকবোন ইনফ্রাস্ট্রাকচারকে আধুনিকায়ন করার নিমিত্ত আধুনিক ইন্টারনেট সরঞ্জামাদি সংযোজন/প্রতিস্থাপন কার্যক্রম গ্রহণ করা হয়েছে।উচ্চগতির ইন্টারনেট ব্যান্ডউইথ ক্রয় করার কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীদের এসংক্রান্ত প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। এছাড়া বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যে ডিজিটাল সিস্টেম বাস্তবায়নের জন্য সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা গ্রহণ করা হচ্ছে। | এ সংক্রান্ত কার্যক্রম সুচারূভাবে সম্পাদনের নিমিত্ত ইনোভেশন টিম এবং আইসিটি ফোকাল পয়েন্ট গঠন করা হয়েছে এবং এ বিষয়ে কমিটি প্রতিনিয়ত কাজ করছে। | ৬০% |
| ১.১ | ১.১.১৪ | সরকারি সকল অনুমতি, অনুদান/সুবিধা/প্রণোদনা বা লাইসেন্স প্রাপ্তি/নবায়নের জন্য প্রাক-যোগ্যতা হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ডিজিটালাইজেশনকে উৎসাহিত করা হবে। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ সংস্থা | ১০০% | √ | √ | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | |
| ১.২ | ১.২.৩ | PPA ও PPR অনুযায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/ সংস্থার নিজস্ব ওয়েবসাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। | PPA ও PPR অনুযায়ী নিজস্ব ওয়েবসাইটের নোটিশ বোর্ডে সকল দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। | ১০০% |
| ১.২ | ১.২.৬ | প্রকল্প ব্যবস্থাপনা অর্থাৎপ্রকল্পগ্রহণ, পরিকল্পনা, বাস্তবায়ন, মনিটরিং, সমাপন এবং অর্থ বরাদ্দে আইসিটি ভিত্তিক ব্যবস্থা প্রচলন। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | প্রযোজ্যক্ষেত্রে অনুসরণ করা হবে। | প্রযোজ্যক্ষেত্রে অনুসরণ করা হবে। | - |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.২ | ১.২.৭ | গুরুত্বপূর্ণ সরকারি দপ্তরে সর্বাধুনিক যোগাযোগ ব্যবস্থা (যেমন- ভিডিও কনফারেন্সিং) চালুকরণ। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | বিভিন্ন মন্ত্রণালয় এবংঅধিদপ্তরের আওতাধীন অফিসসমূহের সাথে যোগাযোগের জন্য Zoom,Webexসহ বিভিন্ন ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করা হচ্ছে। | অনলাইন ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন মিটিং এবং প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | ১০০% |
| ১.২ | ১.২.৮ | সামাজিক যোগাযোগের মাধ্যমে সরকার ও জনগণের মধ্যে সংযোগ সাধন। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | প্রান্তিক জনগনকে সঠিক ও নির্ভুল তথ্য অবহিতকরনের জন্য সঞ্চয় অধিদপ্তরের দাপ্তরিক ফেইসবুক পেইজ এবং ইউটিউব চ্যানেল তৈরি করা হয়েছে। ফলে সাধারণ জনগন সঞ্চয় সম্পর্কিত যেকোন তথ্য/খবর সহজেই পাচ্ছেন। এছাড়াও সময়ে সময়ে ইউটিউব চ্যানেলে সঞ্চয় সম্পর্কিত বিভিন্ন ভিডিও কন্টেন্ট আপলোড করে চ্যানেলটিকে সর্বদা আপডেট করা হয়। | অধিদপ্তরের ফেইসবুক পেইজ এবং ইউটিউব চ্যানেলকে সর্বদা আপডেট রাখার কারনে সাধারণ জনগণ , অংশীজন এবংসঞ্চয় অধিদপ্তরের সাথে নিবিড় সম্পর্ক তৈরি হয়েছে। | ১০০% |
| ১.২ | ১.২.৯ | দ্রুত ও টেকসই ডিজিটাল গভর্নমেন্ট বাস্তবায়নের জন্য বেসরকারি খাতকে সম্পৃক্ত করে Managed Serviceমডেলের আলোকে প্রকল্প গ্রহণে উৎসাহিতকরণ। | পরিকল্পনা বিভাগ/সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | ১১ (এগার)টি সঞ্চয়স্কিমের সকল লেনদেন কার্যক্রম অনলাইন পদ্ধতিতে সুষ্ঠভাবে পরিচালনার জন্য অর্থ মন্ত্রণালয়ের অধীন সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচীর মাধ্যমে বাস্তবায়নের কার্যক্রম চলমান আছে। মধ্যে মেয়াদেই তা বাস্তবায়িত হবে। | উক্ত কর্মসূচী ১১(এগার) টি স্কিমকে অনলাইন সিস্টেমের আওতায় আনয়নে জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম নামে একটি সফটওয়্যার প্রস্তুত করেছে। প্রস্তুতকৃত সফটওয়্যারের মাধ্যমে ১/৭/২০১৯ খ্রিঃ তারিখ ৪(চার) টি সঞ্চয়পত্র , ১/৭/২০২০ খ্রিঃ তারিখ ডাকঘর সঞ্চয় ব্যাংক (ক) সাধারণ হিসাব (খ) মেয়াদী হিসাব এবং ৩০/১০/২০২১ খ্রিঃ৩ তারিখ হতে (তিন)টি সঞ্চয় বন্ডের এর যাবতীয় লেনদেন কার্যক্রম পরিচালিত হচ্ছে। বাকী ২(দুই) টি স্কিম এ সিস্টেমের আওতায় আনার লক্ষ্যে কার্যক্রম চলমান আছে। | ৮৫% |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.৩ | ১.৩.২ | সরকারি কর্মকান্ডের বিকেন্দ্রীকরণের লক্ষ্যে সকল সরকারি দপ্তরে উচ্চ গতির ডাটা সংযোগ ও ডিজিটাল-সরকার ব্যবস্থা প্রবর্তন। | সকলমন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | বর্তমানে ২০ এমবিপিএস গতির ইন্টারনেট সংযোগ সচল রয়েছে। তবে দাপ্তরিক কর্মকান্ডের গতিশীলতা বৃদ্ধি পাওয়ায় ৫০ এমবিপিএস ব্যান্ড উইথে উন্নীত করার কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া এতদ্‌সংক্রান্ত হার্ডওয়্যার ডিভাইসসমূহ সংযোজন/প্রতিস্থাপনের কার্যক্রমও চলমান রয়েছে। এছাড়াও অধিদপ্তর এবং এর আওতাধীন সকল দপ্তরের প্রদেয় সেবাসমূহকে পর্যাক্রমে ডিজিটালাইজড করার কার্যক্রম চলমান রয়েছে। | গৃহীত কার্যক্রমের ফলে দাপ্তরিক কর্মকান্ডে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে এবং ডিজিটাল সরকার ব্যবস্থা প্রবর্তনে সঞ্চয় অধিদপ্তর সচেষ্ট রয়েছে। | ১০০% |
| ১.৪ | ১.৪.১ | সরকারি পর্যায়ে সকল শ্রেণীর নিয়োগের ব্যবহারিক পরীক্ষায় কম্পিউটার ও ইন্টারনেটের মৌলিক বিষয় অন্তর্ভুক্তকরণ। | জনপ্রশাসনমন্ত্রণালয় (পাবলিক সার্ভিস কমিশন) এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | সকল শ্রেণীর নিয়োগের ব্যবহারিক পরীক্ষায় কম্পিউটার ও ইন্টারনেটের মৌলিক বিষয় অন্তর্ভুক্তকরণ করা হয়েছে। এ ক্ষেত্রে সরকারি নিয়োগবিধি অনুসরণ করা হয়। | বিগত কয়েক বছর যাবত সকল শ্রেণীর নিয়োগের ব্যবহারিক পরীক্ষায় কম্পিউটার ও ইন্টারনেটের মৌলিক বিষয় অন্তর্ভুক্ত করে নতুন জনবল নিয়োগ দেওয়া হয়েছে। এ কার্যক্রমে ভবিষ্যতে ও চলমান থাকবে। | ১০০% |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১.৫ | ১.৫.২ | সকল সরকারি দপ্তরে ন্যাশনাল ই-গভর্নেন্স আর্কিটেকচার (National e-Governance Architecture) ও e-Governance Interoperability Frameworkঅনুসরণ। | সকলমন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | ন্যাশনাল ই-গভর্নেন্স আর্কিটেকচার বাস্তবায়নে পরিচালক (নীতি) কে দায়িত্ব প্রদান করা হয়েছে। | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে পালন করে যাচ্ছে। | ১০০% |
| ১.৫ | ১.৫.৮ | একক আইডি ব্যবহার করে ডিজিটাল সেবা প্রদান ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ। | সকলমন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | | সঞ্চয় স্কিমের ডাটাবেইজ এবং জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) এর ডাটাবেইজের মধ্যে ইউনিক আইডির মাধ্যমে application programming interface (API) করা হয়েছে। ফলে গ্রহকের ট্যাক্সপেয়ার আইডেনটিফিকেশন নাম্বার যাচাই ও আয়কর সম্পর্কে সকল তথ্যাদি সহজেই আন্তঃবিনিময় করা যাচ্ছে। | গ্রাহকের ট্যাক্সপেয়ার আইডেনটিফিকেশন নাম্বার যাচাই, আয়কর এবং বৈধ অর্থের উৎস সম্পর্কে সহজেই ধারণা পাওয়া যাচ্ছে এবং তাৎক্ষণিক সিদ্ধান্ত নেওয়া সহজতর হচ্ছে। | ১০০ |
| ২.৫ | ২.৫.১ | ডিজিটাল অপরাধ মোকাবেলায় দক্ষ জনবল সৃষ্টিকরণ। | সকল মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা | ৮০% | ১০০% | √ | ডিজিটাল অপরাধ মোকাবেলায় দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে অধিকতর সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সাইবার সিকিউরিটি বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | ডিজিটাল অপরাধ মোকাবেলায় সাইবার সিকিউরিটি বিষয়ে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২.৫ | ২.৫.৩ | ডিজিটাল নিরাপত্তা বিষয়ে সচেতনতা তৈরি করণ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি)এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | ডিজিটাল নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে অধিদপ্তরের প্রদেয় ডিজিটাল সার্ভিসসমূহের ডাটাবেইজকে ন্যাশনাল ডাটাসেন্টারে স্থাপন করা হয়েছে এবং ইন্টারনেট সংযোগকে নিরাপদ রাখার নিমিত্ত ফায়ারওয়াল স্থাপনসহ অন্যান্য ডিজিটাল নিরাপত্তা ডিভাইস স্থাপন কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া সকলের মাধ্যে সচেতনা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন সভা,সেমিনার এবং প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা করা হচ্ছে। | গৃহীত কার্যক্রমের ফলে দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী ডিজিটাল নিরাপত্তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধি পাচ্ছে। | ৭০% |
| ২.৫ | ২.৫.৪ | ডিজিটাল অপরাধ মোকাবেলায় সরকারি ও বেসরকারি সংস্থা সমূহের মধ্যে পারস্পারিক সহযোগিতা বৃদ্ধি। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি)এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | |
| ২.৫ | ২.৫.৫ | আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে সংঘবদ্ধ হয়ে ডিজিটাল অপরাধ মোকাবেলার ব্যবস্থা গ্রহণ। | পররাষ্ট্র মন্ত্রণালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি)এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | |
| ২.৫ | ২.৫.৬ | জাতীয় ডিজিটাল নিরাপত্তা ফ্রেমওয়ার্ক প্রস্তুতওবাস্তবায়ন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি)এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করা হবে। | |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২.৫ | ২.৫.৭ | জাতীয় ডিজিটাল নিরাপত্তা সংস্থা গঠন ও কার্যকর করার ব্যবস্থা গ্রহণ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি)এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা হবে। | প্রযোজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করা হবে। | |
| ২.৫ | ২.৫.৯ | ডিজিটাল অপরাধ দমনে এ সংক্রান্ত আইনের প্রয়োগ। | সকল মন্ত্রণালয়/ বিভাগ/দপ্তর/সংস্থা এবং আইন প্রয়োগকারী সংস্থাসমূহ | ১০০% | √ | √ | দাপ্তরিক ডিজিটাল নিরাপত্তা নিশ্চিতকরণ এবং ডিজিটাল মাধ্যমে সংঘটিত অপরাধ শনাক্তকরণ, প্রতিরোধ, দমন, বিচার ও আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ অনুসরণ করা হচ্ছে। | জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর আওতাধীন বিভাগীয়, জেলা অফিসসমূহকে দাপ্তরিক ডিজিটাল কার্যক্রম নিরাপত্তা নিশ্চিতকরণে ডিজিটাল নিরাপত্তা আইন ২০১৮ অনুসরণ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। | ১০০% |
| ২.৫ | ২.৫.১০ | আইটি সিস্টেম অডিট বাধ্যতামুলক করা। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি)এবং সকল মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | | - | |
| ২.৫ | ২.৫.১২ | বিভিন্ন ডিজিটাল নিরাপত্তা সেবা প্রদানকারী (পেনিট্রেশন টেস্টিং, ভালনারেবিলিটি অ্যাসেসমেন্ট, আইটিঅডিট) প্রতিষ্ঠানের অনুমোদন। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি)এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | | - | |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২.৯ | ২.৯.১ | সকল অফিসে ডিজিটাল স্বাক্ষর চালুকরণ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিসিএ) এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | প্রাথমিক বাস্তবায়নকারী হিসাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিসিএ) হতে কোন নির্দেশনা পাওয়া যায়নি | - | |
| ২.৯ | ২.৯.২ | বাংলাদেশের সকল ডাটা বাংলাদেশের ভৌগোলিক সীমানার মধ্যে রাখা নিশ্চিতকরণের ব্যবস্থা গ্রহণ। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিসিসি) এবং সকল মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | | - | |
| ৩.১ | ৩.১.২ | নীতিমালার মাধ্যমে আন্তর্জাতিক মান অনুসরণে প্রতিবন্ধী ব্যক্তিবর্গের জন্য সকল সরকারি ও বেসরকারি ওয়েবসাইট অভিগম্য (Accessible) করণ। | সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সকলমন্ত্রণালয়/বিভাগ / সরকারিদপ্তর/সংস্থা এবংএনজিও বিষয়ক ব্যুরো | ৫০% | ১০০% | √ | এ সংক্রান্ত কার্যক্রমের জন্য অত্র অফিসের ওয়েব পোটালে Accessible Menu সংযুক্ত করা আছে। | ন্যাশনাল ওয়েবপোর্টালের মাধ্যমে সম্পাদন করা হয়েছে। | ৫০% |
| ৩.৩ | ৩.৩.২ | ডিজিটাল পদ্ধতিতে সকল প্রকার আর্থিক লেনদেনসমূহ মোবাইল ফোন, এটিএম, Point of Sales (PoS) ও অন্যান্য সেবা দান কেন্দ্রের মাধ্যমে যে কোনো সময় যে কোনো স্থান থেকে প্রদানের ব্যবস্থাকরণ। | সকল মন্ত্রণালয়/বিভাগ/ সরকারি দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ব্যবহার করে BEFTN এর মাধ্যমে গ্রাহকের মুনাফা ও আসল গ্রাহকের ব্যাংক হিসাবে জমা হয় এবং এতদ্ সংক্রান্ত তথ্যাদি স্বয়ংক্রিয়ভাবে গ্রাহকের সংশ্লিষ্ট মোবাইলে ক্ষুদে বার্তার মাধ্যমে প্রেরণ করা হচ্ছে। | গ্রাহককে দৌড় গোড়ায় ক্ষুদে বার্তার মাধ্যমে প্রয়োজনীয় তথ্য জানানোর মাধ্যমে গ্রাহক সেবার সর্বোত্তম নিশ্চিত হচ্ছে। | ১০০ |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৩.৩ | ৩.৩.৬ | ইন্টারনেট সংযোগ এবং তার ব্যবহার প্রক্রিয়াকে নাগরিক এবং সরকারি দপ্তরে মৌলিক উপযোগী (যেমনঃবিদ্যুৎ, গ্যাস, টেলিফোন ইত্যাদি) সেবা হিসাবে বিবেচনা করা।সরকারি দপ্তরসমূহে এ সংক্রান্ত মাসিক আর্থিক বরাদ্দের ব্যবস্থা গ্রহণ। | ডাকওটেলিযোগাযোগবিভাগ, অর্থ বিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং সকল সরকারি দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | এ বিষয়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও আওতাধীন অফিসসমূহে খাত ভিত্তিক মাসিক আর্থিক বরাদ্দ প্রদান করা হয়েছে। | এ বিষয়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও আওতাধীন অফিসসমূহে খাত ভিত্তিক মাসিক আর্থিক বরাদ্দ প্রদান ও সে অনুযায়ী বিল পরিশোধ করা হচ্ছে। | ১০০% |
| ৩.৪ | ৩.৪.১ | ডিজিটাল পদ্ধতিতে নাগরিক আবেদন, অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি এবং অবহিতকরণ। ডিজিটাল পদ্ধতিতে নাগরিক মতামত গ্রহণ করে সেবার মান উন্নয়ন। | মন্ত্রিপরিষদ বিভাগ, সকলমন্ত্রণালয়/বিভাগ / সরকারি দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কেন্দ্রীয় অভিযোগ প্রতিকার ব্যবস্থার অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করা হচ্ছে। এর লিংক জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েব সাইটে সেবা বক্সের অধীন অভিযোগ দাখিল নামে কন্টেন্ট এ যুক্ত করা হয়েছে। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েব সাইটে অভিযোগ দাখিল কন্টেন্ট এর মাধ্যমে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করা হচ্ছে। অনিক কর্মকর্তা হিসাবে পরিচালক (নীতি) এ সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে পালন করে যাচ্ছেন। | ১০০% |
| ৩.৪ | ৩.৪.২ | সকল প্রণীতব্য নীতিমালা ও আইন ওয়েব সাইটে প্রকাশ ও জনগণের মতামত গ্রহণ। | সকল মন্ত্রণালয়/বিভাগ/ সরকারি দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েব সাইটে আইন ও প্রকাশনা সেবা বক্সের অধীন আইন, বিধি ও নীতিমালা কন্টেন্ট এ সকল প্রকার আইন, বিধি ও নীতিমালার তথ্য প্রকাশ করা হয়। এছাড়া অত্র অফিসের অফিসিয়াল ফেইসবুক পেইজ এর মাধ্যমে জনগণের মতামত গ্রহণ করা হয়। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েব সাইটে আইন ও প্রকাশনা সেবা বক্সের অধীন আইন, বিধি ও নীতিমালা কন্টেন্ট এ সকল প্রকার আইন, বিধি ও নীতিমালার হালনাগাদ তথ্য প্রকাশ করা হয়। অফিসিয়াল ফেইজবুক পেইজ এর মাধ্যমে জনগণের মতামত প্রকাশ করছেন এবং অধিদপ্তর সে মোতাবেক সেবা গ্রহিতাকে ফিডব্যাক প্রদান করছেন। | ১০০% |

| কৌশলগত বিষয়বস্তুর ক্রম | কর্ম-পরিকল্পনার ক্রম | করণীয় বিষয় | প্রাথমিক বাস্তবায়নকারী | স্বল্প মেয়াদী (২০২১) | মধ্য মেয়াদী (২০৩০) | দীর্ঘ মেয়াদী (২০৪১) | গৃহিত কার্যক্রম/পদক্ষেপ | কার্যক্রমের বর্তমান অবস্থা | বাস্তবায়ন অগ্রগতি (%) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৩.৫ | ৩.৫.৪ | প্রাতিষ্ঠানিক সহায়তা ও আর্থিক প্রণোদনার মাধ্যমে বাংলা ভাষায় স্থানীয় পর্যায়ের উপযুক্ত বিষয়বস্তু উন্নয়ন উৎসাহিতকরণ। | সকল মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | সঞ্চয়পত্র বিধিমালা ১৯৭৭ এর বিধিসমূহ ইংরেজী ভাষার স্থলে বাংলা ভায়ায় প্রবর্তনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। মধ্য মেয়াদে সঞ্চয় স্কিমের প্রয়োজনীয় নীতিমালা ইংরেজী ভাষার স্থলে বাংলা ভায়ায় প্রবর্তনের পরিকল্পনা রয়েছে। | এ বিষয়ে সঞ্চয়পত্রের বিধিমালা ১৯৭৭ এর আলোকে একটি নতুন খসড়া বাংলা বিধিমালা প্রণয়ন করা হয়েছে। বাংলায় প্রণয়নকৃত বিধিমালাটি অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করা হয়েছে। | ৭৫% |
| ৬.৩ | ৬.৩.১১ | দেশের স্থানীয় ভোক্তাদের সক্ষমতা উন্নয়নে সচেতনতা তৈরি করা। | সকল মন্ত্রণালয়/বিভাগ/ দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | সঞ্চয় স্কিম ও এ সংক্রান্ত অন্যান্য তথ্য সম্পর্কে সচেতন করতে ওয়েব সাইট ও সঞ্চয় অ্যাপস তৈরি করা হয়েছে। | ওয়েব সাইট ও সঞ্চয় অ্যাপস এর মাধ্যমে সঞ্চয় স্কিম ও এ সংক্রান্ত অন্যান্য হালনাগাদ তথ্য প্রকাশ করা হচ্ছে। | ১০০% |
| ৭.২ | ৭.২.১ | সরকারি ক্রয়ে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য মানের বিদ্যুৎ সাশ্রয়ী আইসিটি যন্ত্রপাতি ক্রয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং সকল মন্ত্রণালয়/ বিভাগ/ সরকারি দপ্তর/সংস্থা | ১০০% | √ | √ | এ সংক্রান্ত ক্রয়ে সরকারি ক্রয়নীতি অনুসরণ করা হয়। | সরকারি ক্রয়নীতি অনুসারে আন্তর্জাতিকভাবে স্বীকৃত ব্র্যান্ডের আইসিটি সংক্রান্ত যন্ত্রপাতি ক্রয় করা হয়। যা বিদ্যুৎ সাশ্রয়ী | ১০০% |

২১/৭/২০২৫
মোঃ মাসুদুর রহমান
সহকারী পরিচালক (জনসংযোগ)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অর্থ মন্ত্রণালয়

২৭/০৭/২০২৫
মোহাম্মদ [illegible] উল্যাহ
সিস্টেম এনালিস্ট
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।